গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
www.fireservice.gov.bd

"মুজিববর্ষের প্রতিশ্রুতি
সেবা, ত্যাগ ও অগ্রগতি"

স্মারক নং- ৫৮.০৩.০০০০. ০২০.১৫.১৬৫.১৭- ৩৫৫৬

তারিখ- ২৮ চৈত্র ১৪২৭ বঃ
১১ এপ্রিল ২০২১ খ্রিঃ

বিষয় : দাখিলকৃত ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ ৩য় ত্রৈমাসিক প্রতিবেদনের ফিডব্যাক প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতাধীন বরিশাল বিভাগীয় দপ্তর কর্তৃক দাখিলকৃত ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন পর্যালোচনায় নিম্নোল্লিখিত বিষয় পরিলক্ষিত হয়:

অধিদপ্তরের ০৭ ডিসেম্বর ২০২০ তারিখের ৫৮.০৩.০০০০.০২০.১৫.১৬৫.১৭-১৫৪১১ সংখ্যক স্মারক মোতাবেক ০৪-০-৪-২০২১ তারিখের মধ্যে প্রেরণের অনুরোধের প্রেক্ষিতে ০৮-০৪-২১ তারিখে মেইলযোগে পাওয়া যায়।

২। উক্ত দপ্তরের ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় কার্যক্রমের সংখ্যা ৩৯টি যেগুলোর লক্ষ্যমাত্রা ও অর্জন পরিবীক্ষণ করা হয়েছে, এর মধ্যে মাঠপর্যায়ের জন্য প্রযোজ্য ২৬টি কার্যক্রম পরিবীক্ষণে প্রাপ্ত মূল্যায়ন নিম্নরূপ:

| ক্রমিক | কার্যক্রমের নাম | লক্ষ্যমাত্রা | ৩য় ত্রৈমাসিক অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | [১.১] নৈতিকতা কমিটির সভা | ৪টি | ৩টি | ৩য় কোয়ার্টার অর্জন সম্ভব হয়নি এবং মোট অর্জন লিপিবদ্ধ হয়নি। |
| ২ | [১.২] নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ৬০% | ৬০% | ভুলভাবে লিপিবদ্ধ হয়েছে |
| ৩ | [২.১] সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা | ৪টি | ২টি | ৩য় কোয়ার্টার অর্জন সম্ভব হয়নি এবং মোট অর্জন লিপিবদ্ধ হয়নি। |
| ৪ | [২.২] অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ৫০% | ৫০% | ভুলভাবে লিপিবদ্ধ হয়েছে |
| ৫ | [২.৩] কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ৮০ জন | ৪০ জন | লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি |
| ৬ | [২.৪] কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ৮০ জন | ৪০ জন | লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি |
| ৭ | [৩.১] ২০১৯-২০২০ অর্থবছরের কার্যক্রমের উপর ম্যানুয়াল তৈরীর উদ্দেশ্যে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ, বিন্যস্তকরণ ও অধিদপ্তরে প্রেরণ | ৩০-১১-২০ | - | লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি |
| ৮ | [৩.২] সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের নীতিমালা হালনাগাদকরণের উদ্দেশ্যে মতামত সংগ্রহ, বিন্যস্তকরণ ও অধিদপ্তরে প্রেরণ | ১০-০২-২১ | - | লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি |
| ৯ | [৫.১] শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব স্ব দপ্তর/সংস্থায় প্রেরণ | ১০-০৯-২০ | - | সঠিক সময়ে লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি |
| ১০ | [৬.১] সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ | ১০-০৯-২০ | ১০-০৯-২০ | সফলতার সাথে সম্পন্ন হয়েছে |
| ১১ | [৬.৫] প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/ পরিবীক্ষণ | ৮টি | | লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি |
| ১২ | [৭.১] পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ২৫-০৬-২১ | - | ভুলভাবে লিপিবদ্ধ হয়েছে |
| ১৩ | [৮.২] শাখা/অধিশাখা/অধীনস্ত অফিস পরিদর্শন | ১০টি | - | ভুলভাবে লিপিবদ্ধ হয়েছে |
| ১৪ | [৮.৩] শাখা/অধিশাখা/অধীনস্ত অফিস পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | ৮০% | - | ভুলভাবে লিপিবদ্ধ হয়েছে |
| ১৫ | [৮.৪] সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ | ১০০% | ১০০% | ভুলভাবে লিপিবদ্ধ হয়েছে |
| ১৬ | [৮.৫] শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ | ৮০% | - | সফলতার সাথে সম্পন্ন হয়েছে, প্রমাণক আবশ্যক |
| ১৭ | [৮.৬] প্রাতিষ্ঠানিক গণশুনানি আয়োজন | ০২টি | - | লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি |
| ১৮ | [৯.১] দুর্নীতি প্রতিরোধে নিজ দপ্তরসহ অধিনস্ত সকল দপ্তরে দুর্নীতি বিরোধী স্লোগানযুক্ত ব্যানার ফেস্টুন স্থাপন | ১৪/০১/২১ | - | লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | [৯.২] উত্তম চর্চার প্রণোদনা হিসেবে পুরস্কার প্রদান | ২৭/০৫/২১ | - | উল্লিখিত সময়ে কার্যক্রম সম্পন্ন করতে হবে |
| ২০ | [৯.৩] ই-অ্যাম্বুলেন্স সার্ভিস কার্যক্রম বাস্তবায়ন | ৩০/০৫/২১ | - | উল্লিখিত সময়ে কার্যক্রম সম্পন্ন করতে হবে |
| ২১ | [৯.৪] সিটি কর্পোরেশন/পৌরসভা/ ইউনিয়ন পরিষদ হতে ইস্যুকৃত বাড়ির হোল্ডিং নম্বার প্লেটের সাথে নিকটস্থ ফায়ার স্টেশনের নম্বর সংযুক্তকরণ | ৩০/০৬/২১ | - | উল্লিখিত সময়ে কার্যক্রম সম্পন্ন করতে হবে |
| ২২ | [৯.৫] সংশ্লিষ্টদের সাথে যোগাযোগপূর্বক প্রতিটি ট্রেড লাইসেন্স এবং ফায়ার লাইসেন্সে নিকটস্থ ফায়ার স্টেশন ও বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষের নম্বর সংযুক্তকরণ | ২৭/০৬/২১ | - | উল্লিখিত সময়ে কার্যক্রম সম্পন্ন করতে হবে |
| ২৩ | [১১.১] কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) | ৩১/০৮/২০<br>২৭/০৬/২১ | ১২-১০-২০ | সঠিক সময়ে লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি |
| ২৪ | (১২.১) শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ | ০১ লক্ষ | ০০ লক্ষ | লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি |
| ২৫ | [১৩.১] আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ স্ব স্ব ওয়েবসাইটে | ১৮/০৮/২১ | | ভুলভাবে লিপিবদ্ধ করা হয়েছে |
| ২৬ | [১৩.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | ০৩টি | | কার্যক্রম সম্পন্ন করতে হবে |

৩। মন্ত্রিপরিষদ বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক নির্ধারিত কার্যক্রমসমূহ সঠিক সময়ে যথাযথভাবে বাস্তবায়ন আবশ্যক। এমতাবস্থায় প্রতিটি কার্যক্রমসমূহের মন্তব্য কলামে উল্লিখিত নির্দেশনা বাস্তবায়ন, কিছু ক্ষেত্রে সংশোধন, সকল কার্যক্রমের মোট অর্জন, অর্জিত মান লিপিবদ্ধকরণ এবং ক্রমিক ১০ নং এ উল্লিখিত সম্পন্নকৃত কার্যক্রমের প্রমাণক প্রেরণ করতে হবে। যে সকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি সেগুলো অর্জনের পদক্ষেপ গ্রহণ করতে হবে। এছাড়া প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনাপূর্বক প্রতীয়মান হয় যে, এ সকল কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকলের আরো যত্নশীল হতে হবে এবং নিয়মিত প্রশিক্ষণ প্রয়োজন। অধিদপ্তরে যোগাযোগপূর্বক এ বিষয়ে প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২১/৪/২০২১

মোঃ হাবিবুর রহমান
পরিচালক (প্রশাসন ও অর্থ)

উপপরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
বরিশাল বিভাগ, বরিশাল।

সদয় অবগতির জন্য অনুলিপি বিতরণ:

১. যুগ্মসচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, [মহোদয়ের সদয় অবগতির জন্য]।
২. পরিচালক (অপারেশন ও মেইনটেনেন্স)/ (পরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা, [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা, (ওয়েবসাইটে আপলোডের জন্য)।